আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নের উদ্যোগে ২১শে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে।

রাত ১২ টা ১ মিনিটে আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন চুন্নু ও ৪ নং ওয়ার্ডের ইউপি সদস্য মকবুল হোসেন শহিদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানান।

এ সময় উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন কৃষকলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহাবুল হক, সাধারণ সম্পাদক সাদ আহম্মেদ, ৪ নং ওয়ার্ডের সভাপতি আসাদুল হক মুন্টু ও সাধারন সম্পাদক খায়রুজ্জামান টুটুল,আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহম্মদ আলী, আমঝুপি পাবলিকক্লাব ও ইমরুল একাডেমি ক্রীড়া সম্পাদক সোহেল রানা সবুজ, মাসুদুর রহমান ও শহিদুল ইসলাম সাগর।

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে ২১শে ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে।

দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে উপজেলা আওয়ামীলীগ

বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন গ্রামে এম এ এস ইমনের উদ্যোগে বুকলেট বিতরণ

মেহেরপুর জেলার বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন গ্রামে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়|

আজ মঙ্গলবার ২১শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা রেখে এম এ এস ইমনের অনুসারীরা বুড়িপোতা ইউনিয়নের গোভীপুর, কামদেবপুর, ঝাঁঝাঁ, ইচাখালী, হরিরামপুর, বাড়িবাঁকা, শালিকা, যাদবপুর গ্রামে এ বুকলেট বিতরণ করেন। মেহেরপুর পৌর আওয়ামীলীগের সহ-সভাপতি বেলাল হোসেন এতে নেতৃত্ব দেন।

বুকলেট বিতরণ ও গণসংযোগকালে শিশির অরুপ, মেহেরপুর জেলা যুবলীগ শাখার আহ্বায়ক কমিটির সদস্য প্রভাষক মোঃ সাজ্জাদ হোসেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন ও প্রস্তুতি কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান চন্দন, আব্দুর রাজ্জাক, ফারুক হোসেন, সানা, ডন, আবুল হোসেন, ফারুক শেখ, ছাত্রলীগ নেতা ইব্রাহীম ইবু সহ অন্যান্য নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

আওয়ামী লীগ নেতা বেলাল হোসেন বলেন, আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক চিত্রের পাশাপাশি বিএনপির সরকারের উন্নয়নের তুলনা করে এ বুকলেট তৈরি করা হয়েছে। যাতে করে সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের উন্নয়ন চিত্র সম্পর্কে ধারণা পায়। এবং একই সঙ্গে পুনরায় আওয়ামী লীগ সরকারকে ভোট দিয়ে ক্ষমতায় নিয়ে আসে। এ বুকলেট ভালোভাবে পড়লেই সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের প্রতি বিশ্বাস ও আস্থা রাখতে পারবে।

প্রসঙ্গত, ইতোমধ্যে এম এ এস ইমনের উদ্যোগে মুজিবনগর উপজেলার মোনাখালী, দারিয়াপুর, বাগোয়ান, মহাজনপুর ও মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর, বুড়িপোতা, আমদহ, আমঝুপিসহ বিভিন্ন গ্রামে একই

কর্মসূচীর মাধ্যমে বুকলেট বিতরণ করা হয়।

গাংনীতে ডা.নাজমুল হক সাগরের পক্ষ থেকে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

গাংনী উপজেলা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি,সাবেক গণপরিষদ সদস্য ও সাবেক সংসদ সদস্য মরহুম নূরুল হকের সুযোগ্য পুত্র রাজশাহী মেডিকেল কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক ডা.এ.এস.এম.নাজমুল হক সাগরের পক্ষ থেকে ২১ শে ফেব্রুয়ারি মহান ভাষা শহীদদের প্রতি পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয় ও শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ও জেলা যুবলীগের সাবেক সিনিয়র সহ-সভাপতি সবুক্তগীন মাহমুদ পলাশ,মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী,গাংনী উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক জিয়াউর রহমান জিয়া,জেলা ছাত্রলীগের সহ-সভাপতি হুমায়ন কবির লিখন,সাবেক ছাত্রনেতা চপল,গাংনী উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তৌফিক আজিজ মুন্না,তরিকুল ইসলাম উজ্জ্বল,শিমুল পারভেজ অন্তর,সহ-সম্পাদক নয়ন আলী,শ্রমিক নেতা পলাশ,হাফিজুর হাফি,ছাত্রনেতা কনিক,মুন্না, আশিক প্রমুখ।

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [

অনুষ্ঠিত হয়।

সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাজী আব্দুল মালেক মোল্লার সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর মেয়র মোঃ রফিকুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন,বর্তমান সরকারের মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আশার পর থেকে দেশের রাস্তা ঘাট, স্কুল, কলেজ, মসজিদ, মাদরাসা, মন্দির সব স্থানে উন্নয়নের ছোয়া লেগেছে জীবননগর উপজেলার প্রতিটি গ্রামের রাস্তা পিচ করা হয়েছে গ্রামের চিত্র এখন পরিবর্তন হয়ে গেছে প্রধান মন্ত্রী শেখ হাসিনার কথা গ্রাম হবে শহর সেই প্রতিশ্রতি এখন বাস্তবায়ন হয়েছে প্রতিটি গ্রাম এখন শহরে পরিনত হয়েছে। গ্রামের রাস্তার পাশে অন্ধকার দুর করার জন্য স্থাপন করা হয়েছে সোলার লাইট, পানি নিস্কাশনের জন্য ড্রেন, কালভার্ট তৈরি করা হয়েছে। দেশের মানুষ এখন আর কেউ না খেয়ে থাকে না।

বিএনপি, জামায়াতের মিথ্যা প্রতিশ্রতিতে মানুষ আর ভিজবে না বিএনপি দেশের মানুষের যে প্রতিশ্রতি দিয়েছিল তা সম্পন্ন মিথ্যা তাদের আমলে দেশের মানুষ না খেয়ে অনাহারে দিন যাপন করতো। কিন্তু জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা জননেন্ত্রী শেখ হাসিনা দেশের মানুষের কাছে যে প্রতিশ্রতি দিয়েছিল সেই প্রতিশ্রতি রেখেছে। তাই আসুন আমরা সবাই ঐক্যবদ্ধ হয়ে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করে গড়ে তুলি। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন আওয়ামীলীগ নেতা মোঃ মিঠু।

আমদহ ইউপি নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী আনারুল ইসলামের মনোনয়নপত্র জমা

আমদহ ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ আনারুল ইসলামের মনোনয়নপত্র জমা।

বুধবার বিকেলে সদর উপজেলা রিটার্নিং কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তী কাছে মনোনয়নপত্র জমা দেয়।

আমদহ ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ আনারুল ইসলামের মনোনয়নপত্র জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন আশরাফপুর ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মনোরুদ্দিন ও সাধারণ সম্পাদক আজিম মন্ডল, আশরাফপুর ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ঝন্টু হালসোনা ও সাধারণ সম্পাদক জিয়া, ইসলামপুর ও সাহেবপুর ৮ নাম্বার ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক আইন বিষয়ক সম্পাদক টিটু খান, জেলা ছাত্রলীগের সাবেক ধর্ম বিষয়ক সম্পাদক হাফিজুল ইসলাম, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সাবেক সাংগঠনিক সম্পাদক নাহিদ সহ বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় কাজী আরেফসহ জাসদের ৫ নেতা হত্যা দিবসে স্মরণ সভা

কাজী আরেফ আহমেদ সহ পাঁচ জাসদ নেতার ২৪তম হত্যা দিবস উপলক্ষে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে গতকাল শনিবার সকাল ১১ টায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভাপতিত্ব করেন কুষ্টিয়া সমিল্লিত সামাজিক আন্দোলনের সভাপতি বীর মুক্তিযুদ্ধা নজরুল ইসলাম। প্রধান অতিথি হিসে সম্মিলিত সামাজিক

আমদহ ইউপি নির্বাচনে আ. লীগের প্রার্থী রওশন আলী টোকনের মনোনয়নপত্র জমা

আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী রওশন আলী টোকনের মনোনয়নপত্র জমা।

বুধবার বিকেলে সদর উপজেলা রিটার্নিং কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তী কাছে মনোনয়নপত্র জমা দেয়।

আমদহ ইউনিয়ন আ. লীগের মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী রওশন আলী টোকনের মনোনয়নপত্র জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এডভোকেট কাজী শহিদুল হক, জেলা আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা ও আমদহ ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রুস্তম আলী, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হীরা, থানা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, চকশ্যামনগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শওকত, বন্দর আওয়ামী লীগের সভাপতি মনি ও সাধারণ সম্পাদক শাহিন, খন্দকার পাড়া আওয়ামী লীগের সভাপতি মোঃ গাজী সহ মেহেরপুর জেলা আওয়ামী লীগ ও আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আমদহ আ. লীগের মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের

শোভাযাত্রা

আমদহ আওয়ামী লীগের মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। গতকাল শনিবার বিকেলে আমদহ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ড প্রদক্ষিণ করেন।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এডভোকেট কাজী শহিদুল হক, জেলা আওয়ামী লীগের উপর দপ্তর সম্পাদক গোলাম কিবরিয়া, জেলা আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা ও আমদহ ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রুস্তম আলী, জেলা তাঁতী লীগের সভাপতি নূর ইসলাম সুবাদ, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হীরা, মেহেরপুর সদর থানা ছাত্রলীগের সভাপতি বাইজিদ, আমদহ ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক হাসিবুর রহমান রিন্টু, আমদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি বাইজিদ আহমেদ সুইট, আমদহ ৮ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুল হান্নান, আমদহ ৫ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শওকত আলী, আমদহ ৩ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোঃ মনিরুল ইসলাম ও সাধারণ সম্পাদক শাহিন আলম সহ ছাত্রলীগ, যুবলীগ এবং আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এ সময় ৩ শতাধিক মোটরসাইকেল সহ কয়েকটি মাইক্রো গাড়ি শোভা যাত্রায় অংশ নেয়।